**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) অষ্টাদশ লোকসভা নির্বাচনের চতুর্থ পর্যায়ে শেষ খবর পাওয়া পর্যন্ত ৬২% ৩১. ভোট পড়েছে।**

**(২) পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ আজ গন্ডাতুইসা মহকুমা শাসকের কার্যালয়ে স্ট্রং রুম পরিদর্শন করেন ।**

**(৩) সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন (সিবিএসই) আজ দশম এবং দ্বাদশ শ্রেণির বোর্ড পরীক্ষার ফলাফল ঘোষণা করেছে ।**

**(৪) ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় আজ অনুষ্ঠিত তিনটি খেলায় ওল্ড প্লে সেন্টার, হার্ভে ক্লাব ও কসমোপলিটান ক্লাব জয়লাভ করেছে ।**

**************************************************

**Election, 4th phase :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের চতুর্থ পর্যায়ে শেষ খবর পাওয়া পর্যন্ত ৬২.৩১ % ভোট পড়েছে। এই পর্বে নয়টি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৬টি আসনে ভোট নেয়া হয। এর

মধ্যে রয়েছে, অন্ধ্রপ্রদেশের ২৫টি, তেলেঙ্গানায় ১৭টি, উত্তর প্রদেশের ১৩টি, মহারাষ্ট্রে ১১টি, মধ্যপ্রদেশ এবং পশ্চিমবঙ্গের প্রতিটিতে আটটি করে আসন, বিহারে ৫টি, ঝাড়খন্ড ও ওড়িশায় চারটি করে আসন সহ জম্মু ও কাশ্মীরের একটি আসন রয়েছে।

অন্ধ্রপ্রদেশে ৬৮.০৪ শতাংশ, তেলেঙ্গানায় ৬১.১৬ শতাংশ, উত্তরপ্রদেশে ৫৬.৩৫ শতাংশ, মহারাষ্ট্রে ৫২.৪৯ শতাংশ, মধ্যপ্রদেশে ৬৮.০১ শতাংশ, পশ্চিমবঙ্গে ৭৫.৬৬ শতাংশ, বিহারে ৫৪.১৪ শতাংশ, ঝাড়খন্ডে ৬৩.১৪ শতাংশ, উড়িষ্যায় ৬২.৯৬ শতাংশ এবং জম্মু ও কাশ্মিরে ৩৫.৭৫ শতাংশ ভোট পড়েছে।

আজ সকাল ৭টায় ভোটগ্রহণ শুরু হয়। সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোট নেয়া হয়। নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটারদের অংশগ্রহণ বাড়ানোর জন্য তেলেঙ্গানার ১৭টি সংসদীয় আসনের নির্দিষ্ট বিধানসভা বিভাগে ভোটগ্রহণের সময় বাড়ানো হয়েছে।

চতুর্থ পর্যায়ে মোট এক হাজার ৭১৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

ইভিএমে আজ যাদের রাজনৈতিক ভাগ্য বন্দী হলো, তাদের মধ্যে কয়েকজন বিশিষ্ট প্রার্থী হলেন বিজেপির গিরিরাজ সিং, অর্জুন মুন্ডা, জি কিশান রেড্ডি, অজয় কুমার মিশ্র এবং জেডিইউ-এর রাজীব রঞ্জন সিং, সমাজবাদী দলের অখিলেশ যাদব, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, তৃণমূল কংগ্রেসের মহুয়া মৈত্র ও শত্রুঘ্ন সিনহা এবং এআইএমআইএম-এর আসাদউদ্দিন ওয়েইসি।

এক লক্ষ ৯২ হাজার ভোটকেন্দ্রে ১৯ লক্ষের বেশি ভোটগ্রহণ কর্মকর্তা আজ কাজে যুক্ত ছিলেন। এই পর্বে যোগ্য ভোটার প্রায় ১৮ কোটি।

গত তিন ধাপে এখন পর্যন্ত  ২০টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ২৮৩টি সংসদীয় আসনে ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

এছাড়াও, আজ অন্ধ্রপ্রদেশ বিধানসভার ১৭৫টি আসনের জন্য ভোট গ্রহণ করা হয়।

ওড়িশার আজ বিধানসভার নির্বাচনের প্রথম পর্যায়ে ২৮টি আসনের জন্য ভোটগ্রহণ করা হয়।

****************************

**Vote by Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ হায়দ্রাবাদে মালাকপেটের সেলিমনগরে জিএইচএমসি কমিউনিটি হলে ভোট দেন। সকাল সাতটায় সস্ত্রীক ভোট দিতে যান তিনি। রাজ্যপাল শ্রী নাল্লু বলেন, ভোট দেওয়া শুধু অধিকার নয়, প্রত্যেকেরই এটাকে দায়িত্ব হিসেবে বিবেচনা করে ভোটের বাধ্যতামূলক অধিকার প্রয়োগ করা উচিত। রাজভবন সূত্রে এই খবর জানানো হয়েছে।

উল্লেখ্য, তেলেঙ্গানার ১৭টি লোকসভা আসনের জন্য আজ ভোট গ্রহণ করা হয়।

****************************

**R.O-Gandatwisa :**

পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার তথা ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ আজ গন্ডাতুইসা মহকুমা শাসকের কার্যালয়ে  স্ট্রংরুম পরিদর্শন করেন। রাইমাভ্যালি বিধানসভা কেন্দ্রের নির্বাচক মন্ডলীর রায়বন্দী ই ভি এম গুলি এই স্ট্রংরুমে সুরক্ষিত রয়েছে। রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ এই স্ট্রং রুমের নিরাপত্তা সংক্রান্ত বিষয় খতিয়ে দেখেন। তাছাড়া সেখানে তিনি দায়িত্বপ্রাপ্ত নির্বাচনী আধিকারিক এবং রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গেও কথা বলেন। তিনি সাংবাদিকদের জানান, ধলাই জেলার প্রতিটি স্ট্রংরুমে তিনি যাচ্ছেন এবং স্টং রুমের নিরাপত্তা সংক্রান্ত বিষয় খতিয়ে দেখছেন।

********************************

**SDM Belonia :**

বিলোনিয়ার মহকুমা শাসক রিংকু লেথার আজ স্থানীয় বিকেআই স্কুল সংলগ্ন সমর চৌধুরী ইনডোর হল পরিদর্শন করেন। হলটির সংস্কারের কাজ খতিয়ে দেখেন তিনি।

***************************

**Shantirbazar court :**

শান্তিরবাজারের মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য জানিয়েছেন, শান্তিরবাজার মহকুমা আদালত পুরোনো শান্তিরবাজার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জায়গায় গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মহকুমা শাসক আকাশবাণীর দক্ষিণ জেলা প্রতিনিধিকে জানান, সম্প্রতি ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধও জায়গাটি পরিদর্শন করে গেছেন। প্রসঙ্গত, ২০০৬ সালে বিলোনিয়া মহকুমা ভেঙে তৈরি হয় শান্তিরবাজার মহকুমা। মহকুমাস্তরের অন্যান্য

স্তরের যাবতীয় পরিকাঠামো ইতিমধ্যে গড়ে তোলা হলেও বিচার বিভাগের পরিকাঠামো তৈরির জন্য দীর্ঘদিন ধরে জায়গার সন্ধান করা হচ্ছিল।

******************************

**Accident :**

বিশ্রামগঞ্জের আদিবাসী কলোনি এলাকায় চলন্ত ট্রেন থেকে পড়ে গুরুতরভাবে আহত হয়েছে সন্দীপ আচার্য্য নামের ২১ বছর বয়সী এক যুবক। আজ দুপুরে আগরতলা থেকে উদয়পুরগামী ট্রেনে করে নিজের মায়ে'র সাথে ত্রিপুরেশ্বরী মন্দিরে যাচ্ছিল সে। প্রত্যক্ষদর্শীদের মতে চলন্ত ট্রেন থেকে মোবাইল ফোনে বাইরের ছবি তুলছিল সন্দীপ। তখনই পড়ে যায়। স্থানীয়রা দমকল বাহিনীর সহায়তায় বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে পাঠান আহত যুবকটিকে। পরবর্তী স্টেশনে ট্রেন থেকে নেমে বিশ্রামগঞ্জ হাসপাতালে আসেন তার মা। অবস্থা গুরুতর হওয়ায় বিশ্রামগঞ্জ হাসপাতাল থেকে জি.বি হাসপাতালে রেফার করা হয় সন্দীপকে। তার বাড়ি আগরতলার রাধানগর এলাকায় বলে জানা গেছে।

***************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তারিত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

*****************************

**CBSE, Results :**

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন (সিবিএসই) আজ দশম এবং দ্বাদশ শ্রেণির বোর্ড পরীক্ষার ফলাফল ঘোষণা করেছে। ফলাফলে মেয়েরা ছেলেদের চাইতে এগিয়ে রয়েছে। CBSE জানিয়েছে, ৮৭.৯৮ শতাংশ ছাত্র দ্বাদশ মানের বোর্ড পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। পাসের হার গত বছরের তুলনায় ০.৬৫ শতাংশ বেশি।

এই পরীক্ষায় ২৪ হাজারের বেশি পরীক্ষার্থী ৯৫ শতাংশের উপরে এবং এক লক্ষ ১৬ হাজারের বেশি শিক্ষার্থী ৯০ শতাংশের উপরে পেয়েছে।

দশম মানের বোর্ড পরীক্ষায় সার্বিক পাসের হার ৯৩.৬০%। মেয়েদের পাসের হার ৯৪.৭৫% এবং ছেলেদের পাসের হার ৯২.৭১%।

*****************************

**Legal Awareness on Drugs :**

নেশার বিরুদ্ধে ছাত্রছাত্রীদের সচেতন করতে আজ আগরতলার ধলেশ্বরে স্বামী দয়ালানন্দ বিদ্যানিকেতনে এক শিবিরের আয়োজন করা হয়। উদ্যোক্তা ছিল পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষ। সচেতনতা শিবিরে আলোচনা করেন স্কুলের প্রধান শিক্ষিকা,নেশার বিরুদ্ধে সচেতন করতে গঠিত মুক্তি প্রকল্পের সদস্য মাল্যবান চক্রবর্তী, আইনি স্বেচ্ছাসেবক রাজীব কুমার পাল সহ অন্যরা। শ্রী পাল জানান, নেশার বিরুদ্ধে সচেতন করতে আইনসেবা কর্তৃপক্ষ নিয়মিত প্রয়াস চালিয়ে যাচ্ছে।

******************************

**Tree Plantation :**

ধর্মনগর নায্য মূল্যের দোকান পরিচালন সমিতির উদ্যোগে আজ সকালে শহরের দীননাথ নারায়নী বিদ্যামন্দিরের মাঠের পাশে এক বৃক্ষরোপন কর্মসূচীর আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধান সভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। সংগঠনের পক্ষ থেকে জানানো হয় এই মাসে তারা গোটা মহকুমায় মোট আড়াইশো চারা গাছ রোপণ করবেন।

****************************

**Bangladesh High commission :**

বাংলাদেশ সহকারী হাই কমিশন ও ভারত বাংলাদেশ মৈত্রী সংসদের উদ্যোগে আজ আগরতলা প্রেসক্লাবে বৈশাখী মিলন উৎসব ও রবীন্দ্র নজরুল স্মরন অনুষ্ঠান হয়।

অনুষ্ঠানে পৌরহিত্য করেন সহকারী হাই কমিশনার আরিফ মহম্মদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য। অনুষ্ঠানে আগরতলার বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের শিল্পীরা অংশ নেন।

**************************

**DYFI, TYFI deputation :**

নেশামুক্ত ত্রিপুরা গঠন করতে রাজ্যের প্রতিটি গ্রামে ব্যাপকহারে জনসচেতনতামূলক কর্মসূচীর আয়োজন করতে জাতীয় স্বাহ্য মিশনের কাছে দাবি করেছে বামপন্থী ছাত্র যুব সংগঠনগুলি। আজ জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা রাজীব দত্তের কাছে

এই দাবিতে ডেপুটেশন দেওয়া হয়। ডেপুটেশনের পর ডিওয়াইএফআইয়ের রাজ্য সম্পাদক নবারুন দেব অভিযোগ করেন, রাজ্যে নেশার ঠেক ব্যাপক হারে বেড়েছে। তিনি আরও জানান, নেশামুক্তি কেন্দ্র অনেক চালু হয়েছে। এগুলিতে ডাক্তার, নার্স, ফিজিওথেরাপিস্ট, যোগাশিক্ষক নেই। এইসব নেশামুক্তি কেন্দ্রগুলির বৈধতা যাচাই করারও দাবি করা হয়েছে বলে জানান তিনি।

*****************************

**Agitation :**

ত্রিপুরা ইট ভাটা শ্রমিক ইউনিয়নের পক্ষ থেকে আজ অফিস লেন স্থিত শ্রম ভবনের সামনে বিক্ষোভ ও গন অবস্থান সংগঠিত হয়। উপস্থিত ছিলেন CITU রাজ্য সম্পাদক শংকর প্রসাদ দত্ত ও ইউনিয়নের রাজ্য সম্পাদক তপন দাস সহ অন্যান্যরা। ইট ভাট্টা শ্রমিকদের কাজের প্রাপ্য মজুরির অর্থ প্রদান সহ চার দফা দাবি নিয়ে আজ এই বিক্ষোভ ও গণঅবস্থান বলে জানান CITU রাজ্য সম্পাদক শ্রী দত্ত।

*************************

**Lichi-Dhalai :**

গ্রীষ্মের মরসুমী ফলের মধ্যে অন্যতম হচ্ছে লিচু। ধলাই জেলার সালেমা সহ জেলার বিভিন্ন প্রান্তে এবার লিচুর বেশ ভালো ফলন হয়েছে বলে জানিয়েছেন লিচু চাষী ও বিক্রেতারা। বাজারে এই সুস্বাদু লিচুর এখন প্রচুর চাহিদা দেখে স্থানীয় লিচু চাষিরাও খুশি। আমবাসা সহ ধলাই জেলার বিভিন্ন বাজারে বর্তমানে লিচু বিক্রি হচ্ছে ১০০ টাকায় ১০০টি। আমবাসায় কয়েকজন লিচু বিক্রেতা

জানিয়েছেন, বর্তমানে তারা প্রতিদিন তিন থেকে চার হাজার টাকার লিচু বিক্রি করছেন।

*****************************

**AIDSO Deputation :**

বিভিন্ন দাবী দাওয়া নিয়ে আজ AIDSO-র পক্ষ থেকে শিক্ষা দপ্তরে ডেপুটেশন প্রদান করা হয়। তাদের দাবিগুলির মধ্যে উল্লেখযোগ্য হলো বিদ্যাজ্যোতি স্কুলগুলিতে প্রথম শ্রেণীর থেকে ইংরেজি বিষয়টি গুরুত্বের সঙ্গে পড়ানো, স্কুলগুলিতে নবম শ্রেণী থেকে ইংরেজি মাধ্যমে শিক্ষাদানের সিদ্ধান্ত বাতিল করা, উন্নয়নের কাজে কোনরকম ফি আদায় না করা ইত্যাদি।

*************************

**Bishalgarh Hospital :**

রাজ্যের বিভিন্ন প্রান্তে গত কয়েকদিন কিছু পরিমান বৃষ্টিপাত হলেও বেশিরভাগ জেলাতেই এখনো তাপমাত্রা রয়েছে স্বাভাবিকের চাইতে বেশি। গ্রীষ্মের তীব্র দাবদাহ ও প্রবল তাপপ্রবাহের কারণে জনস্বাস্থ্য রক্ষায় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে স্বাস্থ্য দপ্তর। উদ্‌ভূত পরিস্থিতিতে জনগণকে নিরাপদ ও সুস্থ রাখতে করণীয় বিষয়ে সচেতনতামূলক প্রচার জোরদার করা হয়েছে। এই অবস্থায় হিট স্ট্রোক বা সান স্ট্রোকের রোগীদের জন্য স্বাস্থ্য দপ্তরের নির্দেশ মতো বিশালগড় মহকুমা হাসপাতালে পৃথক ব্যবস্থা রাখা হয়েছে। শুধু তাই নয়, এসমস্ত রোগীদের শুশ্রুষার জন্য নিয়োজিত রয়েছেন পৃথক স্বাস্থ্যকর্মীরা। ব্যবস্থা করা হয়েছে ORS সেন্টারের।

বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডাক্তার জে.এম দাস আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্দ্ধনকে একথা জানিয়েছেন।

*****************************

**Cm congratulation :**

আগামী ১৪ই মে থেকে ১৯শে মে সিঙ্গাপুরে অনুষ্ঠিতব্য প্যারা সাঁতারুদের সিটি প্যারা সুইমিং ওয়ার্ল্ড সিরিজ এ ত্রিপুরা থেকে অংশগ্রহণ করবেন সমীর বর্মন এবং বিনিত রায়। আজ দুই সাঁতারু মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁর সরকারি বাসভবনে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। মুখ্যমন্ত্রী তাঁদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

*************************

**First Division Cricket :**

ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় আজ অনুষ্ঠিত তিনটি খেলায় ওল্ড প্লে সেন্টার, হার্ভে ক্লাব ও কসমোপলিটান ক্লাব জয়লাভ করেছে। নরসিংগড়ের টিআইটি মাঠে কসমোপলিটন ক্লাব ১ উইকেটে চলমান সংঘকে, এমবিবি স্টেডিয়ামে হার্ভে ক্লাব ১৩০ রানে ইউনাইটেড বিএসটি-কে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে ওল্ড প্লে সেন্টার ৭ উইকেটে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

***************************

**U-20 Football :**

ছত্তিশগড়ের নারায়নপুরে স্বামী বিবেকানন্দ জাতীয় অনূর্ধ্ব-২০ বছরের ছেলেদের ফুটবলের গ্রুপের দ্বিতীয় ম্যাচে আজ ত্রিপুরা বড় ব্যবধানে পরাজিত হয়েছে। রামকৃষ্ণ মিশন মাঠে অনুষ্ঠিত খেলায় প্রতিপক্ষ আসামের কাছে রাজ্যদল ৬-০ গোলে পরাজিত হয়। এর আগে প্রথম ম্যাচে রাজ্যদল ২-২ গোলে অরুণাচল প্রদেশের সাথে ড্র করেছিলো।

**********************************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল পঁয়ত্রিশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন চব্বিশ দশমিক নয় ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

*****************************